গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০১৪.৩৬.০০৬.১৮ - ১৬৫৫০

তারিখ: ০৬/০৯/১৪২৯ বঙ্গাব্দ:
২১/১২/২২ খ্রি:

বিষয় : ভোজ্য সয়াবিন তৈল ও মশুর ডাল ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, তাঁর দপ্তরের আওতাধীন দপ্তর/স্টেশনের কর্মকর্তা/কর্মচারীদের অক্টোবর/২০২২ হতে ডিসেম্বর/২০২২ খ্রি: পর্যন্ত ০৩(তিন) মাসের রেশনের ভোজ্য সয়াবিন তৈল (ভিটামিন-'এ' সমৃদ্ধ) ও মশুর ডাল সরবরাহের নিমিত্ত দরপত্র বিজ্ঞপ্তি আগামী ২৬/১২/২০২২ খ্রি: তারিখে দৈনিক সমকাল ও দি এশিয়ান এইজ পত্রিকায় প্রকাশ করার জন্য প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। পিপিআর-২০০৮ মোতাবেক সংশ্লিষ্ট সহকারী পরিচালকগণ সিডিউল প্রস্তুত এবং প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তিটি প্রণয়নকৃত দরপত্র সিডিউলে অন্তর্ভুক্ত করতে হবে। দরপত্রে অংশ গ্রহণে ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠানের নিকট তাদের আবেদনের প্রেক্ষিতে দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক নির্ধারিত মূল্যে সিডিউল বিক্রয় করতে হবে এবং সিডিউল বিক্রয়লব্ধ অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করত: অধিদপ্তরে উহার কপি প্রেরণ করতে হবে। পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসারে দরপত্র ও দর প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (T O C) এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি (T E C) গঠন করত: অনুমোদনকারী কর্তৃপক্ষ (উপপরিচালক) কর্তৃক অনুমোদন গ্রহণ করতে হবে। সিডিউল প্রনয়ণকালে কারিগরি বিনির্দেশনায় (Technical Specification) ভোজ্য সয়াবিন তৈলের (ভিটামিন-'এ' সমৃদ্ধ)) ক্ষেত্রে (বিএসটিআই অনুমোদিত ১ লিটার, ২ লিটার ও ৫ লিটার কন্টেইনারে সরবরাহ যোগ্য) এবং মশুর ডালের ক্ষেত্রে (উন্নত মানের দেশী ছোটদানা) উল্লেখসহ নমুনা হিসেবে ১ লিটার সীল্ড বোতলে ভোজ্য সয়াবিন তৈল (ভিটামিন-'এ' সমৃদ্ধ) এবং ১ কেজি মশুর ডাল কাপড়ের ব্যাগে সীল্ড গালা অবস্থায় দরপত্রের সাথে দাখিল করার শর্ত রাখতে হবে।

উল্লেখ্য দরপত্র উন্মুক্তকরণ পরবর্তীতে (T E C) কর্তৃক মূল্যায়নের পূর্বে অনুমোদিত প্রাক্কলিত দর প্রেরণ করা হবে। কোন কারন বশত: পুন:দরপত্র আহ্বানের প্রয়োজন হলে পরবর্তীতে সংশ্লিষ্ট দপ্তর হতে দরপত্র বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশ ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

উল্লেখিত ক্রয় কার্যক্রমে অবশ্যই পিপিআর-২০০৮ এর বিধি- বিধান অনুসরণ করতে হবে।

সংযুক্তি: ০১(এক) পাতা বিজ্ঞপ্তি।

বি: দ্র: : বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের পর কার্যক্রম শুরু করার পরামর্শ দেয়া হলো।

(স্বাক্ষর) ২১/১২/২২

লে: কর্ণেল মো: রেজাউল করিম, পিএসসি
পরিচালক (প্র: প: উ:)
ও
পরিচালক (প্রশা: ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)।

কার্যার্থে :
সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
চট্টগ্রাম ------------- (সকল)।

জ্ঞাতার্থে:

১। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

F:\Work\Tender\oil bigopti.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০১৪.৩৬.০০৬.১৮ - ১৩৫৪৯

তারিখ: ০৬/০৯/১৪২৯ বঙ্গাব্দ
২৭/১২/২২ খ্রি:

**"উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি"**

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগ | : | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন সহকারী পরিচালকের দপ্তর (বৃহত্তর সকল জেলা)। |
| ২। | সংগ্রহ পদ্ধতি | : | স্থানীয় উন্মুক্ত দরপত্র (OTM)। |
| ৩। | অর্থের উৎস | : | রাজস্ব বাজেট ("৩২৫৪১০২"-খাদ্য দ্রব্য সংগ্রহ)। |
| ৪। | টেন্ডারের নাম | : | ক) ভোজ্য সয়াবিন তৈল (ভিটামিন-'এ' সমৃদ্ধ) বিএসটিআই অনুমোদিত ১ লিটার, ২ লিটার ও ৫ লিটার প্লাস্টিক কন্টেইনারে সরবরাহ যোগ্য।<br>খ) মশুর ডাল (উন্নত মানের দেশী ছোট দানা)। |
| ৫। | টেন্ডারদাতার যোগ্যতা | : | বিভিন্ন পোশাকধারী প্রতিষ্ঠানে রেশন সামগ্রী সরবরাহকারী/প্রকৃত ব্যবসায়ী/আমদানীকারক প্রতিষ্ঠান। |
| ৬। | টেন্ডার সিডিউল বিক্রির তারিখ ও সময় | : | ২৭/১২/২০২২ হতে ১৬/০১/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়)। |
| ৭। | সিডিউলের মূল্য | : | প্রতিটি সিডিউলের মূল্য ৪০০/-(চারশত) টাকা, ৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকা (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ৮। | টেন্ডার সিডিউল প্রাপ্তির স্থান ও সরবরাহের স্থান | : | সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা, ময়মনসিংহ, জামালপুর, টাংগাইল, ফরিদপুর, চট্টগ্রাম, বান্দরবান, রাঙ্গামাটি, কুমিল্লা, নোয়াখালী, সিলেট, খুলনা, যশোর, কুষ্টিয়া, রাজশাহী, পাবনা, বগুড়া, বরিশাল, পটুয়াখালী, রংপুর ও দিনাজপুর। |
| ৯। | টেন্ডার দাখিলের স্থান | : | সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা, ময়মনসিংহ, জামালপুর, টাংগাইল, ফরিদপুর, চট্টগ্রাম, বান্দরবান, রাঙ্গামাটি, কুমিল্লা, নোয়াখালী, সিলেট, খুলনা, যশোর, কুষ্টিয়া, রাজশাহী, পাবনা, বগুড়া, বরিশাল, পটুয়াখালী, রংপুর ও দিনাজপুর এবং সংশ্লিষ্ট জেলা সমূহের (বৃহত্তর সকল জেলা) জেলা প্রশাসকের কার্যালয় ও পুলিশ সুপারের কার্যালয়। |
| ১০। | টেন্ডার দাখিলের তারিখ | : | ১৭/০১/২০২৩ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১১। | টেন্ডার জামানত | : | সংশ্লিষ্ট সহকারী পরিচালক কর্তৃক নির্ধারিত। (সিডিউল মোতাবেক)। |
| ১২। | টেন্ডার খোলার তারিখ ও সময় | : | ১৭/০১/২০২৩ তারিখ: বেলা ১২.১৫ ঘটিকা। |
| ১৩। | সরবরাহের সময় | : | কার্যাদেশ প্রাপ্তির পর ৭ (সাত) দিন। |
| ১৪। | টেন্ডারের বৈধতা | : | দরপত্র দাখিলের পর কমপক্ষে ১২০ (একশত বিশ) দিন। |

১৫। পিপিআর-২০০৮ এর নীতিমালা ও টেন্ডার সিডিউলের শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে টেন্ডার দাখিল করতে হবে।

১৬। টেন্ডার দাখিল ও খোলার দিন যদি সরকার কর্তৃক ছুটি ঘোষণা করা হয়, সে ক্ষেত্রে পরবর্তী কার্যদিবস টেন্ডার দাখিল ও খোলার তারিখ হিসেবে গণ্য হবে। টেন্ডার খোলার সময় টেন্ডারদাতা/প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

১৭। কর্তৃপক্ষ কর্তৃক কার্যাদেশের জন্য নির্বাচিত টেন্ডার দাতাকে কার্যাদেশের পূর্বে কার্য সম্পাদন জামানত বাবদ মোট মূল্যের ১০% হারে (শতকরা দশ) টাকা (ফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক এর বরাবরে প্রদান করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/১২/২২

লে: কর্নেল মো: রেজাউল করিম, পিএসসি
পরিচালক (প্র: প: উ:)
ও
পরিচালক (প্রশা: ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)।

.doc